

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা অব্যাহত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সর্বোদমদাতা :  
 চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বিরাজমান অচলাবস্থা  
 নিরসনে কোন প্রকার উদ্যোগ গ্রহণ না  
 করেই গতকাল বুধসপ্তিমবার অনুষ্ঠিত  
 সিন্ডিকেট বৈঠকটি শেষ হয়। এ বিষয়ে  
 আলোচনা করতে আজ সন্ধ্যায় পুনরায়  
 বৈঠক বসবে বলে ক্যাম্পাস সূত্রে জানা  
 যায়। অধিকাংশ ছাত্রছাত্রীর অনুপস্থিতিতেই  
 চ.বি'র কয়েকটি বিভাগে পরীক্ষা গ্রহণের  
 ঘটনায় আবারও তীব্র নিন্দা ও ক্ষোভ  
 প্রকাশ করেছে চ.বি'র শিক্ষক সমিতি।  
 অন্যদিকে ছাত্রলীগের ডাক-অবরোধ  
 কর্মসূচির ফলে উদ্ভূত পরিস্থিতিতে শিবির  
 চ.বি শাখার আলোচনার প্রস্তাব নাকচ করে  
 নিয়েছে ছাত্রলীগ। ছাত্রলীগ নেতৃবৃন্দ  
 গতকাল অনুষ্ঠিত এক প্রতিবাদ সমাবেশ  
 থেকে ঘোষণা নিয়েছে, শিবিরের দায়ের  
 করা মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত সকল  
 মামলা প্রত্যাহার না করলে এ অবরোধ  
 কর্মসূচি আরও কঠোর ও দীর্ঘস্থায়ী হবে।  
 উদ্ভূত পরিস্থিতির দ্রুত সমাধান করতে  
 ছাত্র ইউনিয়ন সিন্ডিকেট বৈঠকে ও ছাত্রলীগ  
 চ.বি শাখা চট্টগ্রাম জেলা প্রশাসকের কাছে  
 স্মারকলিপি পেশ করে।  
 ছাত্রলীগ চ.বি শাখার ডাক-অবরোধ

কর্মসূচির ফলে বিরাজমান অচলাবস্থা  
 সম্পর্কে আলোচনা করার কথা থাকলেও  
 গতকাল অনুষ্ঠিত চ.বি'র সিন্ডিকেট বৈঠকে  
 এ ব্যাপারে কোন সিদ্ধান্ত হয়নি। এ বিষয়ে  
 আলোচনা করতে আজ সন্ধ্যায় পুনরায়  
 বৈঠক বসতে পারে বলে জানান চ.বি নাম  
 প্রকাশে অনিচ্ছুক এক সিন্ডিকেট সদস্য।  
 এদিকে চ.বি'র শিক্ষক সমিতি গতকাল  
 আবারও চ.বি'র কর্তৃপক্ষের পরীক্ষা গ্রহণের  
 ঘটনায় তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ  
 করেছে। সমিতি বলে, নিরাপত্তাহীনতার  
 কারণে বেশ কয়েকজন ছাত্রছাত্রীর  
 অনুপস্থিতির পরেও পরীক্ষা গ্রহণের এ  
 ঘটনা উদ্বেগজনক।  
 উল্লেখ্য, গত ৫ই নভেম্বর পণ্ডিত বিভাগে  
 ১৭ ছাত্রছাত্রীর অনুপস্থিতিতেও পরীক্ষা  
 অনুষ্ঠিত হয়। এ অবস্থায় শিক্ষার সুষ্ঠু  
 পরিবেশ নিশ্চিত করার পূর্বে অনুষ্ঠিতব্য  
 সকল পরীক্ষা স্থগিত করার জোর দাবি  
 জানায় চ.বি শিক্ষক সমিতি। প্রসঙ্গত,  
 গতকালও চ.বিতে সাংবাদিকতা, মার্কেটিং  
 ও ফরেন্সি বিভাগে পরীক্ষা অনুষ্ঠিত হয়।  
 এদিকে শিবির উদ্ভূত পরিস্থিতি নিয়ে  
 ছাত্রলীগকে আলোচনার প্রস্তাব দিলেও  
 নাকচ করে নিয়েছেন ছাত্রলীগ নেতৃবৃন্দ।  
 গতকাল চ.বি'র ১ নং গেটে নাসির হায়দার  
 বাবুলের সভাপতিত্বে অনুষ্ঠিত এক প্রতিবাদ  
 সমাবেশে শিবিরের দায়েরকৃত মিথ্যা মামলা  
 প্রত্যাহার ও ৩রা নভেম্বরের হামলার বিচার  
 না করলে এ ধর্মঘট বরং আরও দীর্ঘস্থায়ী  
 হবে বলে ঘোষণা দেয়া হয়। অতিন দাবি  
 নিয়ে ছাত্রলীগ গতকাল চট্টগ্রাম জেলা  
 প্রশাসকের কাছেও স্মারকলিপি দেয়। ছাত্র  
 ইউনিয়ন চ.বি শাখা ও গতকাল অনুষ্ঠিত  
 সিন্ডিকেট বৈঠকে সাধারণ ছাত্রছাত্রীদের  
 নিরাপত্তার স্বার্থে বর্তমান অচলাবস্থা  
 নিরসনে উদ্যোগ গ্রহণের দাবি জানিয়ে  
 স্মারকলিপি দেয়। অন্যদিকে শিবির চ.বি  
 শাখা আলাউদ্দিন শিকদারের সভাপতিত্বে  
 গতকাল ক্যাম্পাসে অনুষ্ঠিত এক বিক্ষোভ  
 সমাবেশে সুনির্দিষ্ট মামলার আসামি  
 ছাত্রলীগ নেতৃবৃন্দকে মেফতারের দাবি  
 জানায় এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশের স্বার্থে  
 প্রয়োজনীয় সহযোগিতারও ঘোষণা দেয়।